উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা - ফকিরহাট, জেলা – বাগেরহাট

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, ফকিরহাট, বাগেরহাট

সহায়তায়

জুলাই ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

প্রাককথন

ভৌগলিক অবস্থানগত কারণে বাংলাদেশ বিশ্বের অন্যতম দুর্যোগপ্রবন দেশ। নানাবিধ দুর্যোগের ঘনঘটায় বছরব্যাপী এ দেশের মানুষকে দুর্যোগের বিরুদ্ধে সংগ্রাম করে জীবনজীবিকা পরিচালনা করতে হয়। প্রলয়ঙ্কর ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসে উপকূলের মানুষের জানমালের নজীরবিহীন ধ্বংসযজ্ঞের কারণ ইতিহাস বাংলাদেশে নতুন নয়। ঘূর্ণিঝড়-জলোচ্ছাস ছাড়াও বন্যা, খরা, অতি বৃষ্টিসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে দেশের কৃষি, স্বাস্থ্য, পয়ঃনিষ্কাষণ, অর্থনীতি, অবকাঠামো ও পরিবেশ-প্রতিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। দুর্যোগের এই বাস্তবতাকে মেনে নিয়েই তৃনমূল বিপদাপন্ন জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দুর্যোগের নেতিবাচক প্রভাব কমিয়ে মানুষের জীবনযাত্রা স্বাভাবিক রাখার লক্ষ্যে বর্তমান সরকার নানাবিধ কর্মসূচী গ্রহণ করেছে। এই কর্মসূচীর অংশ হিসেবেই বর্তমান সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কম্প্রেহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্মসূচী (সিডিএমপি) উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম শুরু করেছে।

পরিকল্পনাটির মূল উদ্দেশ্য হলো-

পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তবসম্মত উপায় উদ্ভাবন করা এবং একইসাথে অপসারণ, উদ্ধার, চাহিদা নিরূপণ, ত্রাণ ও তাৎক্ষণিক পুণর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ। এই পরিকল্পনাটি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে এবং দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করবে।

উল্লেখিত উদ্দেশ্যসমূহ সামনে রেখে উন্নয়ন সংগঠন রূপান্তর সিডিএমপির নির্দেশনা, গাইডলাইন এবং ফকিরহাট উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তা এবং পরামর্শ অনুযায়ী ফকিরহাট উপজেলার জন্য এই পরিকল্পনা প্রণয়নের কাজ শেষ করেছে। প্রণীত পরিকল্পনাটিতে ফকিরহাটের ভৌত অবকাঠামোর চিত্রসহ উপজেলার সার্বিক তথ্য সন্নিবেশিত করে একটি পূর্ণাঙ্গ পরিকল্পনায় রূপ দেয়া হয়েছে। এর ফলে দুর্যোগের পূর্বে যে কোন ঝুঁকি হ্রাস কর্মসূচী প্রণয়নে এটি দিকনির্দেশনার কাজ করবে। একই সাথে দুর্যোগ পরবর্তী পুনর্বাসন এবং পুনরুদ্ধার কার্যক্রম পরিকল্পনা প্রণয়নে এটি সরকারী ও বেসরকারী পর্যায়ের উন্নয়ন কর্মসূচীতে আমি পরিকল্পনাটি বিবেচনার জন্য সকলের প্রতি আহবান জানাচ্ছি। আমি বিশ্বাস করি পরিকল্পনাটি ফকিরহাটে স্থানীয় পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

(শেখ শরিফুল কামাল কারিম)
সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
এবং
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফকিরহাট, বাগেরহাট

যে কারণে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

ভৌগলিক অবস্থানগত কারণে বাংলাদেশ বিশ্বের অন্যতম দুর্যোগপ্রবন দেশ। ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসসহ নানাবিধ দুর্যোগের বিরুদ্ধে বছরব্যাপী এ দেশের মানুষকে সংগ্রাম করে জীবনজীবিকা পরিচালনা করতে হয়। প্রায় প্রতি বছরই উপকূলীয় এলাকা উল্লেখিত দুর্যোগে কমবেশী ক্ষতিগ্রস্ত হলেও উপজেলা ও জেলা পর্যায়ে দুর্যোগ মোকাবেলায় ছিল না কোন কর্মপকিল্পনা। কার্যকরভাবে দুর্যোগ মোকাবেলা ও প্রস্তুতি গ্রহণেও ছিল না কোন দিকনিদের্শনা। এমনি বাস্তবতায় সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ফকিরহাট উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে। উন্নয়ন সংগঠন রূপান্তর দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কম্প্রেহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্মসূচী (সিডিএমপি) সহায়তা এবং দিকনিদের্শনায় ফকিরহাট উপজেলার জন্য প্রণয়ন করেছে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা। পরিকল্পনাটির মূল উদ্দেশ্য হলো-

পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তবসম্মত উপায় উদ্ভাবন করা এবং একইসাথে অপসারণ, উদ্ধার, চাহিদা নিরূপণ, ত্রাণ ও তাৎক্ষণিক পুণর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।

প্রণীত পরিকল্পনাটিতে ফকিরহাটের ভৌত অবকাঠামোর চিত্রসহ উপজেলার সার্বিক তথ্য সন্নিবেশিত করে একটি পূর্ণাঙ্গ পরিকল্পনায় রূপ দেয়া হয়েছে। এর ফলে দুর্যোগের পূর্বে যে কোন ঝুঁকি হ্রাস কর্মসূচী প্রণয়নে এটি দিকনিদের্শনার কাজ করবে। একই সাথে দুর্যোগ পরবর্তী পুনর্বাসন এবং পুনরুদ্ধার কার্যক্রম পরিকল্পনা প্রণয়নে এটি সরকারী ও বেসরকারী পর্যায়ের উন্নয়ন কর্মসূচীতে আমি পরিকল্পনাটি বিবেচনার জন্য সকলের প্রতি আহবান জানাচ্ছি।

আমি বিশ্বাস করি পরিকল্পনাটি ফকিরহাটে স্থানীয় পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং উপজেলার বিপদাপন্ন জনগোষ্ঠীর দুর্যোগ ঝুঁকি হ্রাসসহ তাদের সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনায় সহায়ক হিসেবে কাজ করবে।

(মোঃ মাহবুবুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ফকিরহাট, বাগেরহাট।

সূচীপত্র

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি ০৬
১.১ পটভূমি ০৬
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য ০৬
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি ০৬
১.৩.১ উপজেলার ভৌগলিক অবস্থান ০৬
১.৩. ২ আয়তন ০৭
১.৩.৩ জনসংখ্যা ০৭
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ননা থাকতে হবে ০৮
১.৪.১ অবকাঠামো ০৮
১.৪.২ সামাজিক সম্পদ ১০
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু ১৯
১.৪.৪ অন্যান্য ২০
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা ২২
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস ২২
২.২ জেলা/উপজেলার আপদসমূহ ২৩
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ণনা ২৩
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা ২৪
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা ২৫
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ ২৬
২.৭ সামাজিক মানচিত্র ২৮
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র ২৯
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি ৩০
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি ৩০
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা ৩১
২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা ৩৩
২.১৩ জলবায়ু পরির্তন এব তার সম্ভাব্য প্রভাব ৩৩
তৃতীয় অধ্যায়: দুর্যোগ ঝুঁকি হ্রাস ৩৫
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ ৩৫
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ ৩৫
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা ৩৬
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা ৩৬
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি ৩৬
৩.৪.২ দুর্যোগকালীন ৩৭
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী ৩৭
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে ৩৮
চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান ৩৯
৪.১ জরুরী অপারেশন সেন্টার ৩৯
৪.১.১ জরুরী কন্ট্রোল রুম পরিচালনা ৩৯
৪.২ আপদকালীন পরিকল্পনা ৩৯
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা ৪০
৪.২.২ সতর্কবার্তা প্রচার ৪০
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি ৪০

৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান ৪১
৪.২.৫ আশ্রয় কেদ্র রক্ষণাবেক্ষন ৪১
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা ৪১
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণঃ ৪১
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা ৪১
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ৪১
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা ৪২
৪.২.১১ মহড়ার আয়োজন করা ৪২
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (উঙঈ) পরিচালনা ৪২
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ ৪২
৪.৩ উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা ৪২
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ৪৬
৪.৫ উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ৪৮
৪.৬ অর্থায়ন ৪৮
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ ৪৯
পঞ্চম অধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ৫১
৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ৫১
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার ৫১
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ৫১
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার ৫১
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ৫২
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা ৫২
সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট ৫২
সংযুক্তি ২ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ৫৩
সংযুক্তি ৩ উপজেলার সেচ্ছাসেবকদের তালিকা ৫৫
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ৬৩
সংযুক্তি ৫ এক নজরে উপজেলা ৬৬
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী ৬৭
সংযুক্তি ৭ সামাজিক মানচিত্র
সংযুক্তি ৮ ঝুঁকি মানচিত্র
সংযুক্তি ৯ নিরাপদ মানচিত্র

প্রথম অধ্যায়:
স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি : দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভুক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারীতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগোষ্ঠীর অংশগ্রহণের উপর নির্ভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৩-৫ বছরের জন্য প্রণয়ন করা হবে।

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলায় কমবেশি দুর্যোগ আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে বাগেরহাট জেলা অন্যতম। বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলা একটি দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। ঘূর্ণিঝড় এই এলাকার প্রধান দুর্যোগ। প্রায় প্রতি বছর এখানে দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। উপজেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনা ইতিপূর্বে তৈরী করা হয়নি। সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ফকিরহাট উপজেলার জন্য প্রনয়ণ করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য :

পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা।

স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাসকরণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন।

অপসারন, উদ্ধার, চাহিদা নিরুপণ ত্রাণ ও তাৎক্ষণিক পুর্ণবাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।

একটি নির্দিষ্ট এলাকা এবং নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরী করা।

দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।

দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রনয়ণে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।

সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ ব্যবস্থাপনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি :

১.৩.১. উপজেলার ভৌগলিক অবস্থান: বাগেরহাট জেলার অর্ন্তগত এবং বিভাগীয় শহর থেকে খুলনা ২৭ কিঃ মিঃ পশ্চিমে ফকিরহাট উপজেলা অবস্থিত। উপজেলাটি বৃটিশ উপনিবেশিক শাসনামলে ৭ জুন ১৮৬৯ খ্রীস্টাব্দে পুলিশ ষ্টেশন গঠনের মাধ্যমে ফকিরহাট থানা গঠিত হয়। পরবর্তিতে ১ আগষ্ট, ১৯৮৩ খ্রীস্টাব্দে স্থানীয় সরকার বিকেন্দ্রীকরণের মধ্যদিয়ে ফকিরহাট উপজেলা প্রবর্তন হয়। ফকিরহাট নামকরণের প্রকৃত কোন ইতিহাস না পাওয়া গেলেও স্থানীয় জনগণের কথিত মতে, খ্যাতিমান মুসলিম আধ্যাত্বিক নেতা ফকির মঙ্গল শাহ&'র নামকরণে ফকিরহাট নামের পরিচিতি লাভ করে। ফকির মঙ্গল সাহা উপজেলার আট্টাকি গ্রামে স্থায়ীভাবে বসবাস করতেন এবং তিনি ফকিরহাট নামে একটি বড় ব্যবসায়ী কেন্দ্র/হাট স্থাপন করেন। ঐতিহাসিকভাবে মঙ্গলিয়ান জাতিসহ বিভিন্ন ধর্মের অধিবাসীবৃন্দ সংমিশ্রনের মাধ্যমে অত্র এলাকায় বসবাস করতেন।

খুলনা-মাওয়া-ঢাকা (কাওড়াকান্দি) মহাসড়ক, খুলনা-বাগেরহাট সড়ক ও খুলনা-মোংলা সড়ক উপজেলার মধ্য দিয়ে অবস্থিত। এ সড়ক ও মহাসড়কের দৈর্ঘ্য মোট ২০ কিঃ মিঃ। ফকিরহাট উপজেলার উত্তরে বাগেরহাট জেলার মোল্ল্যাহাট উপজেলা অবস্থিত, পশ্চিমে বাগেরহাট সদর ও চিতলমারি উপজেলা, দক্ষিণে বাগেরহাট জেলার রামপাল উপজেলা এবং পূর্বে খুলনা জেলার রূপসা ও বটিয়াঘাটা উপজেলা অবস্থিত। উপজেলার ভূ-প্রাকৃতিক অবস্থা যেমনঃ উচুঁ মাটি-২৭৪০ হেক্টর, মাঝারী উচুঁ-৩২৮৭ হেক্টর, মাঝারী নীচু-৩৩০৬ হেক্টর, নীচু সমতল ভূমি-৬৪৮ হেক্টর রয়েছে (**তথ্যসূত্র: উপজেলা কৃষি কর্মকর্তা**) ।

এ উপজেলায় স্থায়ী কোন বনাঞ্চল নেই, তবে উপজেলা সামাজিক বন বিভাগের মাধ্যমে কিছু বনাঞ্চল সৃষ্টি হয়েছে, যদিও তা পর্যাপ্ত নয় । তেল, গ্যাস, কয়লার মত কোন খনিজসম্পদ উপজেলায় নেই । উপজেলার সব ইউনয়নেই লবণাক্ততা রয়েছে আবার মিষ্টি পানির উৎসও রয়েছে। এ কারণে খাবার পানির তেমন অসুবিধা না হলেও লবণাক্ত পানির জন্য কৃষকদের আউশ ধানসহ রবি শস্য ও শীতকালীন সব্জির উৎপাদন মারাত্মকভাবে ক্ষতির সম্মুখীন হয়।

১.৩.২ আয়তন : ১৬০.৬৮ বর্গকিলোমিটার (৩৯,৭০৫ একর), ৬৭-মৌজা

নম্বর	উপজেলা	ইউনিয়নের নাম	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
১	ফকিরহাট	বেতাগা	১. মাসকাটা ২. ধনপোতা ৩. শ্রী-কৃষ্ণপূর ৪. বেতাগা ৫. জয়পূর বেতাগা ৬. কুমারখালি ৭. বিঘাই ৮. কিসমত বিঘাই ৯. সুরলিয়া ১০. ষাটতলা = ১০টি
২		লখপুর	১. লখপুর ২. খাজুরা ৩. বল্লবপূর ৪. কাহারডাঙ্গা ৫. কারিবুনিয়া ৬. জাড়িয়া মাইটকোমড়া ৭. জাড়িয়া কাহারডাঙ্গা ৮. ভট্রখামার ৯. ভবনা = ৯টি
৩		পিলজংগ	১. বালিয়াডাঙ্গা ২. নোয়াপাড়া ৩. বৌলতলী ৪. শ্যামবাগাত ৫. বেড়বাড়ি ৬. পিলজংগ ৭. শাহাপূর = ৭টি
৪		ফকিরহাট	১. আট্রাকী ২. বারাশিয়া ৩. কাঠালতলা ৪. পাগলা শ্যামনগর ৫. উত্তরপাড়া ৬. পাগলা দেয়াপাড়া ৭. সাতশিকা ৮. ব্রাক্ষন রাংদিয়া ৯. জাড়িয়া ১০. সিংগাতি ১১. পাইকপাড়া ১২. হোগলডাঙ্গা = ১২টি
৫		বাহিরদিয়া	১. মানসা ২. বাহিরদিয়া ৩. আট্রাকা ৪. হোচলা ৫. সাতবাড়িয়া ৬. লালচন্দ্রপুর ৭. বড়বাড়িয়া = ৭টি
৬		নলধা মৌভোগ	১. বিল মৌভোগ ২. নলধা ৩. কামটা ৪. কাথলী ৫. ঝালহাটি = ৫টি
৭		মুলঘর	১. মূলঘর ২. চর ভৈরব ৩. খড়রিয়া ৪. সোনাখালী ৫. রাজপাট ৬. কলকলিয়া ৭. চক কলকলিয়া ৮. রাধাগাতী ৯. পুটিয়া ১০. গুড়গুড়িয়া ১১. ফলতিতা ১২. গোলবাড়ী = ১২টি
৮		শুভদিয়া	১. ঘন শ্যামপূর ২. তেকাটিয়া ৩. দেয়াপাড়া ৪. ছোট শুভদিয়া ৫. বড় শুভদিয়া = ৫টি

তথ্যসূত্র: উপজেলা পরিসংখ্যান অফিস

১.৩.৩ জনসংখ্যা

নং	ইউনিয়ন	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)		বৃদ্ধ (৬০+)		প্রতিবন্ধি		মোট জনসংখ্যা	পরিবার /খানা	ভোটার
				নারী	পুরুষ	নারী	পুরুষ	নারী	পুরুষ			
১	বেতাগা	৪০৭০	৪১৬০	১৭৪২	১৭৬৮	৬৯৪	৭০৪	১৫৩	১৫৬	১৩৪৪৭	৩৪১৪	৯৮৩২
২	লগপুর	৫৮৯৫	৫৯৬৬	৩২৩২	৩২৮০	৮৫১	৮৬৪	১৬২	১৬৫	২০৪১৫	৪৮০৮	১২৯২০
৩	পিলজংগ	৫৭৮৭	৫৫৫৯	২৮০৭	২৮৪৮	৮৫৭	৮৭০	১২৩	১২৪	১৮৯৭৫	৪৫৬৫	১২৮৪৯
৪	ফকিরহাট	৭৬৭১	৭৫৫০	৩৬০৯	৩৬৬৩	১০৯৫	১১১২	১৮৭	১৮৯	২৫০৭৬	৬২০৫	১৬৮৮১
৫	বাহিরদিয়া	৪৩৬১	৪৪১৪	২১৬৩	২১৯৫	৬৪১	৬৫০	১২৪	১২৫	১৪৬৭৩	৩৫৩৫	৯৯৭৬
৬	মুলঘর	৪৪৯৫	৪২৭৮	২১৬৯	২২০২	৭০৩	৭১৪	১৭৮	১৮০	১৪৯১৯	৩৪১৪	১০৫২৯
৭	শুভদিয়া	৪০৮০	৪২০৯	১৮৯৪	১৯২২	৭৪২	৭৫৪	৬২	৬২	১৩৭২৫	৩৫০১	১০২০৬
৮	নলধা মৌভোগ	৫০৯৩	৪৭০৯	২৫৪০	২৫৭৭	৬৯৯	৭০৯	১১৫	১১৭	১৬৫৫৯	৩৬৯১	১০৯২৭
মোট	৮টি	৪১৪৫২	৪০৮৪৫	২০১৫৬	২০৪৫৫	৬২৮২	৬৩৭৭	১১০৪	১১১৮	১৩৭৭৮৯	৩৩১৩৩	৯৪১২০
				৪০৬১১		১২৬৫৯		২২২২				

তথ্যসূত্র: উপজেলা পরিসংখ্যান অফিস

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য

১.৪.১ অবকাঠামো

বাঁধ :

ফকিরহাট উপজেলায় পানি উন্নয়ন বোর্ডের অধীন ১টি পোল্ডার রয়েছে, পোল্ডার নং- ৩৬/১। রামপাল উপজেলার উজলকুল ইউনিয়নের শেষ সীমানা থেকে মূলঘর ইউনিয়নের (গোদাড়া) শেষ সীমানা পর্যন্ত- ৫কিঃ মিঃ এবং মৌভোগ ও ঘাট মৌভেগের সীমানা থেকে বাগেরহাট সদর উপজেলার বারুইপাড়া ইউনিয়ন পর্যন্ত- ১০কিঃ মিঃ = মোট ১৫ কিঃমিঃ। এ ছাড়া প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর থেকে বাস্তবায়িত নলধা মৌভোগ, বাহিরদিয়া ও ফকিরহাট ইউনিয়নের মধ্যে ১০ কিঃ মিঃ বাঁধ রয়েছে ।

(তথ্যসুত্রঃ ডাব্লিউ ডি বি ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর)

স্লুইচ গেট :

ফকিরহাট উপজেলায় ১৬টি স্লুইচ গেট রয়েছে। ১টি এলজিইডি ও ১৫টি ওয়াটার ডেভেলপমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত।
লখপূর ইউনিয়নে মাসকাটা খালের উপর ৬ রেগুলেটর বিশিষ্ট স্লুইচগেট, এলজিইডি কর্তৃক নির্মিত। বর্তমানে ভাল আছে।
লখপূর ইউনিয়নে যুগিখালী নদীর উপর ১০ রেগুলেটর বিশিষ্ট স্লুইচগেট, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত। বর্তমানে আংশিক ভাল আছে।
শুভদিয়া ইউনিয়নে (গোরস্তা বাজার) ভোলা নদীর উপর ৪ রেগুলেটর বিশিষ্ট স্লুইচগেট, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত। বর্তমানে ভাল অবস্থায় নেই। এছাড়া ইউনিয়নে আরো দুইটি স্লুইচগেট রয়েছে-কাটাখালী ও শাপখালী গেট।
(ক) মূলঘর ইউনিয়নে চিত্রা নদীর উপর ২২ রেগুলেটর বিশিষ্ট গোদাড়া স্লুইচগেট, ওয়াটার ডেভেলপমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত। বর্তমানে গেটটি ৪০% কার্যকরী রয়েছে। এছাড়া ইউনিয়নে আরো ১টি স্লুইচগেট রয়েছে - পুটিয়া গেট।
মূলঘর ইউনিয়নে ভৈরব নদীর উপর ২ রেগুলেটর বিশিষ্ট সোনাখালী স্লুইচগেট, ওয়াটার ডেভেলপমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত। বর্তমানে গেটটি ভাল অবস্থায় নেই।
নলধা মেŠভোগ ইউনিয়নে ভৈরব নদীর উপর ২ রেগুলেটর বিশিষ্ট মানসা স্লুইচগেট, ওয়াটার ডেভেলপমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত। বর্তমানে গেটটি ভাল নেই।
পিলজংগ ইউনিয়নে যুগিখালী খালের উপর ৪ রেগুলেটর বিশিষ্ট বোউলতলী স্লুইচগেট, ওয়াটার ডেভেলপমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত। বর্তমানে গেটটি ভাল নেই।
বাহিরদিয়া ইউনিয়নে যুগিখালী খালের উপর ২ রেগুলেটর বিশিষ্ট গাবখালী স্লুইচগেট, ওয়াটার ডেভেলপমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত। বর্তমানে গেটটি ভালো নেই।
বেতাগা ইউনিয়নে ৩টি স্লুইচগেট রয়েছে - কুমারখালী, গজার গেট ও চাকুলী গেট (গেটগুলো ভালো নেই)।
ফকিরহাট ইউনিয়নে ১টি স্লুইচগেট রয়েছে - ভৈরব নদীর সংযোগ মীরখালী খালের উপর।

(তথ্যসূত্রঃ পানি উন্নয়ন বোর্ড ও ইউনিয়ন পরিষদ)

ব্রীজ :

উপজেলার বিভিন্ন স্থানে ৩০ মিটারের উপরে ৫টি, ২০ মিটার ১টি ও ১২ মিটারের ৪টি- মোট **১০টি** ব্রীজ রয়েছে। ব্রীজগুলো অবস্থান ভৈরব নদীর উপর ৫টি, যুগিখালী খালের উপর ৪টি ও মাসকাটা খালের উপর ১টি।
ইউনিয়নভিত্তিক তথ্যঃ
১. বাহিরদিয়া ইউনিয়নে ৩টি ২. ফকিরহাট ইউনিয়নে ৩টি ৩. লখপূর ইউনিয়নে ৩টি ৪.বেতাগা ইউনিয়নে ১টি। সকল ব্রীজ কার্যকরী অবস্থায় আছে **(তথ্যসূত্রঃ এলজিইডি, ফকিরহাট)** ।

এছাড়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় থেকে ২০০৯-১৩ পর্যন্ত নলধা মৌভোগ ইউনিয়নে কয়রা খালের উপর ২টি, মূলঘর ইউনিয়নে কালীগংঙ্গা নদীর উপর ১টি, ফকিরহাট ইউনিয়নে মীরখালী বিলের খালের উপর ১টি ও বালের খালের উপর ১টিসহ ৫টি সেতু নির্মাণ করা হয়েছে। ব্রীজগুলো ভাল অবস্থায় আছে

(তথ্যসূত্র: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়) ।

কালভার্ট :

উপজেলায় ১২ মিটারের নিচে সর্বমোট কালভার্টের সংখ্যা- ৪৭১টি। সকল কালভার্ট ভাল অবস্থায় আছে। উপজেলা প্রকৌশলীর তথ্য মতে ১২ মিটারের নিচে অবোকাঠামোগুলি কালর্ভাট হিসাবে বিবেচনায় আনা হয়েছে **(তথ্যসূত্রঃ এলজিইডি, ফকিরহাট)** ।

রাস্তা :

ফকিরহাট উপজেলায় মোট রাস্তার সংখ্যা ২২৯টি যার সর্বমোট দৈর্ঘ্য - ৬৬১ কিঃ মিঃ। মাটির রাস্তা ৪৪৯ কিঃ মিঃ, বিটুমিন কার্পেটিং রাস্তা সর্বমোট-২০৩ কিঃ মিঃ এবং ডাব্লিউবিএম/এইচবিবি রাস্তা সর্বমোট ৯ কিঃমিঃ।

বাহিরদিয়া ইউনিয়নঃ

ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা- ৩৯টি যার মোট দৈর্ঘ্য-১০১.২৮ কিঃমিঃ। মোট পাকা রাস্তার দৈর্ঘ্য-৩২.৯১ কিঃ মিঃ এবং মোট কাঁচা রাস্তার দৈর্ঘ্য- ৬৮.৩৭ কিঃমিঃ।

বেতাগা ইউনিয়নঃ

ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা- ৬০টি যার দৈর্ঘ্য- ১৩০.০০ কিঃমিঃ। মোট পাকা রাস্তার দৈর্ঘ্য-৩৬.৮০ কিঃ মিঃ এবং মোট কাঁচা রাস্তার দৈর্ঘ্য- ৪২.৪৯ কিঃমিঃ ও এইচ বি বি ৫০.৭১ কিঃমিঃ|

ফকিরহাট ইউনিয়নঃ

ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা-৪৮টি। মোট রাস্তার দৈর্ঘ্য- ১২০.৯৬ কিঃমিঃ। মোট পাকা রাস্তার দৈর্ঘ্য-৩৯.৮৩ কিঃ মিঃ এবং মোট কাঁচা রাস্তার দৈর্ঘ্য- ৮১.১৩ কিঃমিঃ।

লখপূর ইউনিয়নঃ

ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা- ৩০টি। মোট রাস্তার দৈর্ঘ্য- ৭৪.৩৩ কিঃমিঃ। মোট পাকা রাস্তার দৈর্ঘ্য-২৮.৮৬ কিঃ মিঃ এবং মোট কাঁচা রাস্তার দৈর্ঘ্য- ৪৫.৪৭ কিঃমিঃ।

মূলঘর ইউনিয়নঃ

ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা- ২৬টি। মোট রাস্তার দৈর্ঘ্য- ৬৭.২৯ কিঃমিঃ। মোট পাকা রাস্তার দৈর্ঘ্য-২৫.৫১ কিঃ মিঃ এবং মোট কাঁচা রাস্তার দৈর্ঘ্য- ৪১.৭৮ কিঃমিঃ।

মৌভোগ ইউনিয়নঃ

ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা- ১৮টি। মোট রাস্তার দৈর্ঘ্য- ৬৪.৫৪ কিঃমিঃ। মোট পাকা রাস্তার দৈর্ঘ্য-২৮.৫৮ কিঃ মিঃ এবং মোট কাঁচা রাস্তার দৈর্ঘ্য- ৩৫.৯৬ কিঃমিঃ।

পিলজংগ ইউনিয়নঃ

ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা- ৩৩টি। মোট রাস্তার দৈর্ঘ্য- ১০৪.৬৮ কিঃমিঃ। মোট পাকা রাস্তার দৈর্ঘ্য-৪০.৫২ কিঃ মিঃ এবং মোট কাঁচা রাস্তার দৈর্ঘ্য- ৬৪.১৬ কিঃমিঃ।

শুভদিয়া ইউনিয়নঃ

ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা- ২০টি যার দৈর্ঘ্য- ৬৪.০৭ কিঃ মিঃ। মোট পাকা রাস্তার দৈর্ঘ্য-২৫.৫৯ কিঃ মিঃ এবং কাঁচা রাস্তার দৈর্ঘ্য- ৩৮.৪৮ কিঃমিঃ **(তথ্যসূত্রঃ এলজিইডি, ফকিরহাট)**

সেচ ব্যবস্থা

কৃষি কার্যক্রম পরিচালনায় সেচ কাজে ব্যবহৃত কোন হস্তচালিত ও গভীর নলকূপ নেই। তবে শ্যালো মেশিনের সংখ্যা- বিদ্যুৎচালিত ৫৬০টি। এর মাধ্যমে ১১১০ হেক্টর জমিতে সেচ কার্যক্রম চালানো হয়। ডিজেলচালিত ২৫৪০টি শ্যালো মেশিন ব্যবহার হয় যা দিয়ে ৩৪১১ হেক্টর জমিতে সেচ কার্যক্রম পরিচালনা কর হয়। এছাড়া কৃষি কার্যক্রম পরিচালনায় ডিজেল চালিত ২৮৯০ হেক্টর জমিতে ১৬৫০টি এলএলপি ব্যবহৃত হয়। রবি মৌসুমে সেচ কাজ পরিচালনার জন্য এসটিডাব্লুও এবং এলএলপি ব্যবহার করা হয়। কিন্তু খরিপ- ০১ ও খরিপ- ০২ মৌসুমে তেমন সেচ কাজ করা হয় না। **(তথ্যসূত্র: উপজেলা কৃষি কর্মকর্তা)**

হাটবাজার : উপজেলায় মোট হাট-বাজারের সংখ্যা-১৬ টি (গ্রোথ সেন্টার ৪টি ও বাজার ১২টি)।

গ্রোথ সেন্টার ৪ টি

ভাঙ্গানপাড় বাজার -- শুভদিয়া ইউনিয়ন।
ফকিরহাট বাজার -- ফকিরহাট ইউনিয়ন।
লখপূর বাজার -- লখপূর ইউনিয়ন।
মানসা বাজার -- বাহিরদিয়া ইউনিয়ন।

বাজার ১২টি

বেতাগা , ষাটতলা, পোলের ও মাসকাটা বাজার -- বেতাগা ইউনিয়ন।
শাহ্আউলিয়াবাগ বাজার, কাটাখালী বাজার ও টাউন নোয়াপাড়া বাজার -- পিলজংগ ইউনিয়ন।
মোল্লার বাজার ও শুভদিয়া বাজার -- শুভদিয়া ইউনিয়ন।
ফলতিতা ও কলকলিয়া বাজার -- মূলঘর ইউরিয়ন।
সিংগাতী বাজার -- ফকিরহাট ইউনিয়ন **(তথ্যসূত্রঃ এলজিইডি, ফকিরহাট)।**

১.৪.২ সামাজিক সম্পদ

ঘরবাড়ি : উপজেলায় পাকাঁ ঘরের সংখ্যা-২,৪১৯ (৭.৩%), সেমিপাকাঁ ঘরের সংখ্যা-৯,৪৭৬ (২৮.৬%), কাঁচা ঘরের সংখ্যা-২০,০৭৮ (৬০.৬%) এবং ঝুপড়ি ঘরের সংখ্যা-১,১৬০ (৩.৫%)।
উপজেলায় ঘরবাড়ি তৈরীর সামগ্রী হিসেবে ইট,বালু, সিমেন্ট, রড, কাঠ, বাঁশ, টন, ছোন, গোলপাতা ইত্যাদি ব্যবহৃত হয়ে থাকে। জনসাধারণ বসতির জন্য সব ধরনের ঘরবাড়িই নির্মাণ করেন। তবে ঝুপড়ি এবং কাঁচা ঘর বেশীরভাগ গোলপাতা ছাউনিই দিয়ে তৈরী।

পানি :

খাবার পানির উৎস হিসেবে গভীর নলকূপ, পুকুর ও সরকারী রিজার্ভ ট্যাংক হতে জনগণ খাবার পানির চাহিদা মেটায়। এছাড়া বর্ষা মৌসুমে কিছু বৃষ্টির পানিও ব্যবহার করে থাকে। উপজেলায় মোট ১৫০৩টি গভীর ও ২২৩৭টি অগভীর নলকূপ রয়েছে। এরমধ্যে ১৪৯৩টি গভীর ও ২১৫৭টি অগভীর নলকূপ ভাল অবস্থায় রয়েছে। গভীর ১০টি ও অগভীর ৮০টি নলকূপ অকার্যকর আছে। মোট নলকূপের সংখ্যা অনুপাতে ৮১% বন্যা লেবেলের উপরে এবং ঐ ৮১%ই বন্যার সময় ব্যবহার উপযোগী থাকে। উপজেলার মোট ৮৩% জনগণ নলকূপের পানি ব্যবহার করে। বাকী জনগণ পুকুর, রিজার্ভ ট্যাংক ও বৃষ্টির পানি ব্যবহার করে। এছাড়া উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর দপ্তর থেকে মৌভোগ ইউনিয়নে সরকারীভাবে একটি রিজার্ভ ট্যাংক স্থাপন করা হয়েছে। এই রিজার্ভ ট্যাংক থেকে প্রতিদিন ২০০০ পরিবার খাবার পানি সংগ্রহ করে **(তথ্যসূত্রঃ জনস্বাস্থ্য প্রকৌশলীর দপ্তর)** ।

পয়ঃনিস্কাশন ব্যবস্থা :

ফকিরহাট উপজেলার মোট-২৫৫০৫ টি স্বাস্থ্যসম্মত পায়খানা রয়েছে। মোট স্বাস্থ্যসম্মত পায়খানার ৮১% বন্যা লেবেলের উপরে এবং বন্যার সময় ঐ ৮১%ই ব্যবহার উপযোগী থাকে। উপজেলার মোট ৮২.৫% অধিবাসী স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করে **(তথ্যসূত্রঃ জনস্বাস্থ্য প্রকৌশলীর দপ্তর,ফকিরহাট)** ।

শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার

ইউনিয়ন	বিদ্যালয়/ মাদ্রাসা/ কলেজ	নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষকা	অবস্থান/ ওয়ার্ড	বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয় কিনা
বেতাগা	সরকারী	১. বেতাগা সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৮৪	০৪	ওয়ার্ড নং-৬	না
		২. চাকুলি সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৫০	০৪	ওয়ার্ড নং-৪	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩. মাসকাটা সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৬৭	০৫	ওয়ার্ড নং-২	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৪. ধনপোতা পশ্চিমপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৬১	০৩	ওয়ার্ড নং-৩	না
		৫. শ্রী রামকৃষ্ণ সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৫১	০৩	ওয়ার্ড নং-৯	বর্তমানে আশ্রয়কেন্দ্র তৈরীর কাজ চলছে

		৬. ষাটতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়	৯৮	০৪	ওয়ার্ড নং-৮	না
	রেজিষ্টার্ড	১. কালীবাড়ী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	২০৪	০৪	ওয়ার্ড নং-৬	না
		২. মাসকাটা রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৭৭	০৪	ওয়ার্ড নং-১	না
		৩. পূর্ব বেতাগা রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৯০	০৪	ওয়ার্ড নং-৫	না
	উচ্চ বিদ্যালয়	১. বেতাগা ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়	২৯৪	১২	ওয়ার্ড নং-৬	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২. বেতাগা আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়	২৭৬	১২	ওয়ার্ড নং-৬	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩. মাসকাটা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়	২১৭	০৭	ওয়ার্ড নং-১	না
		৪. ধনপোতা মাসকাটা ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়	২০০	০৮	ওয়ার্ড নং-২	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৫. বি,কে, শেখ আলী আঃ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়	৫৩	০৬	ওয়ার্ড নং-৯	হয় না কিন্তু হতে পারে।
		৬. চাতকপুর এস এম নিম্ন মাধ্যমিক বিদ্যালয়	৩৮	০৪	ওয়ার্ড নং-৭	না
লখপুর	সরকারী	১. খাজুরা সরকারী প্রাথমিক বিদ্যালয়	৪২৮	০৯	ওয়ার্ড নং-৩	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২. কাহারডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়	৪৬৯	১০	ওয়ার্ড নং-৪	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩. জাড়িয়া মাইটকোমারা সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৮৩	০৮	ওয়ার্ড নং-৬	না
		৪. ভবনা সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৭২	০৩	ওয়ার্ড নং-৮	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৫. জাড়িয়া ভট্রখামার সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৬৪	০৫	ওয়ার্ড নং-৭	না
	রেজিষ্টার্ড	১. খাজুরা পূর্বপাড়া রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৭০	০৪	ওয়ার্ড নং-২	না
		২. লখপুর রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	২৫৭	০৫	ওয়ার্ড নং-১	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
	মাদ্রাসা	১.ভবনা ইসলামিয়া দাখিল মাদ্রাসা	৯৯	১৩	ওয়ার্ড নং-৯	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২.জাড়িয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা	১২৮	১৪	ওয়ার্ড নং-৫	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩.আবুবক্কত্ম সিদ্দিক আলিম মহিলা দাখিল মাদ্রাসা	১১১	১৩	ওয়ার্ড নং-১	না
	উচ্চ বিদ্যালয়	১.লখপুর আঃ ইঃ আম্বিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়	৪৫২	১২	ওয়ার্ড নং-১	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২.বাঐডাংগা (বিল এ) মাধ্যমিক বিদ্যালয়	৪১৮	১৪	ওয়ার্ড নং-২	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।

		৩.ভবনা মাধ্যমিক বিদ্যালয়	৩৭৩	১২	ওয়ার্ড নং-২	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৪.জাড়িয়া ভট্রখামার মাধ্যমিক বিদ্যালয়	১৯৪	০৮	ওয়ার্ড নং-৭	না
পিলজংগ	সরকারী	১. টাউন নওয়াপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৭৪	০৭	ওয়ার্ড নং-১	না
		২. শ্যামবাগাত সরকারী প্রাথমিক বিদ্যালয়	২০০	০৫	ওয়ার্ড নং-৩	না
		৩. বৈলতলী পিলজংগ সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৫২	০৬	ওয়ার্ড নং-২	না
		৪. পিলজংগ সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৯৭	০৫	ওয়ার্ড নং-৬	না
		৫. শাহপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়	৮৭	০৪	ওয়ার্ড নং-৮	না
		৬.শাহ্ আউলিয়াবাগ সরকারী প্রাথমিক বিদ্যালয়	২২৮	০৫	ওয়ার্ড নং-৩	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
	রেজিষ্টার্ড	১. বালিয়াডাঙ্গা রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৩৯	০৪	ওয়ার্ড নং-৭	না
		২. বৈলতলী পশ্চিমপাড়া রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	২৩৪	০৩	ওয়ার্ড নং-৬	না
		৩. জয়পুর রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৩৪	০৩	ওয়ার্ড নং-৫	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৪. শেখেরডাঙ্গা রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	২৬৪	০৪	ওয়ার্ড নং-১	না
		৫. পিলজংগ পূর্বপাড়া রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	৫১	০২	ওয়ার্ড নং-৬	না
		৬. পিলজংগ কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়	১৪৭	০৪	ওয়ার্ড নং-৪	না
	মাদ্রাসা	১.আল-হেরা আলিম মাদ্রাসা	১৭৫	২২	ওয়ার্ড নং-১	না
	উচ্চ বিদ্যালয়	১.পিলজংগ মাধ্যমিক বিদ্যালয়	৪০৬	১৩	ওয়ার্ড নং-৬	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২.বঙ্গবন্ধু মাধ্যমিক বালিকা বিদ্যালয়	২০৭	১০	ওয়ার্ড নং-৫	না
		৩.শাহ্ আউলিয়া এমএম মাধ্যমিক বিদ্যালয়	১৮৫	১০	ওয়ার্ড নং-৮	না
	কলে	১.শহীদ সৃতি ডিগ্রী কলেজ	১৩৫৬	৪৩	ওয়ার্ড নং-৯	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
ফকিরহাট	সরকারী	১. কাঠাঁলতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৫২	০৬	ওয়ার্ড নং-৩	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২. পাগলা দেপাড়াজা সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৯৪	০৬	ওয়ার্ড নং-৪	না
		৩. পাগলা শ্যামগনর সরকারী প্রাথমিক বিদ্যালয়	৩০৩	০৯	ওয়ার্ড নং-৫	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।

		৪. সাতশিকা সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৭৭	০৬	ওয়ার্ড নং-৬	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৫. শিংগাতী সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৮২	০৫	ওয়ার্ড নং-৮	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৬. ব্রাহ্মণ রাকয়াদি সরকারী প্রাথমিক বিদ্যালয়	১০৫	০৩	ওয়ার্ড নং-৭	না
		৭. পাইকপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৫৯	০২	ওয়ার্ড নং-৯	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৮. বারাশিয়া কাঃ আঃ উঃ সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৪৬	০৪	ওয়ার্ড নং-২	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৯. ব্রাহ্মণ রাকয়াদি উত্তরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৬৬	০৪	ওয়ার্ড নং-৭	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		১০. জাড়িজা সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৪৫	০৪	ওয়ার্ড নং-৮	না
	রেজিষ্টার্ড	১. শিরিন হক রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	২০৭	০৪	ওয়ার্ড নং-২	না
	মাদ্রাসা	১.ফকিরহাট কারামতিয়া ফাজিল মাদ্রাসা	====	২৫	ওয়ার্ড নং-১	না
		২.খাঁনজাহানপুর আলিম মাদ্রাসা	১৭৪	১৫	ওয়ার্ড নং-৭	না
		৩.হযরত আমির হাজমা রাঃ দাখিল মাদ্রাসা	১৩২	১৪	ওয়ার্ড নং-৫	না
	উচ্চ বিদ্যালয়	১.শিরিন হক মাধ্যঃ বালিকা বিদ্যালয়	৩০৪	১৬	ওয়ার্ড নং-১	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২.হাজী আঃ হামিদ মাধ্যঃ বি	৬৭৭	২১	ওয়ার্ড নং-৬	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩.কাজী আজাহার আলী মাধ্যঃ বিদ্যালয়	১৮৮	১২	ওয়ার্ড নং-৩	না
		৪.বনফুল মাধ্যঃ বিদ্যালয়	২০৯	১১	ওয়ার্ড নং-৪	না
		৫.ডাঃ বনি আমিন বালিকা মাধ্যঃ বিদ্যালয়	৭১	০৮	ওয়ার্ড নং-৪	না
	কলেজ	১. কাজী আজাহার আলী ডিগ্রী কলেজ	১৪১৮	৪০	ওয়ার্ড নং-২	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
বাহিরদিয়া	সরকারী	১. আট্রাকা মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়	৫৭৫	১৩	ওয়ার্ড নং-৩	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২. বাহিরদিয়া মানসা সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৬৯	০৫	ওয়ার্ড নং-২	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩. বুড়ির বটতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৫৭	০৪	ওয়ার্ড নং-৫	না
		৪. পশ্চিম বাহিরদিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	১০২	০৫	ওয়ার্ড নং-৪	না
		৫. সাতবাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৪৭	০৪	ওয়ার্ড নং-৮	না
		৬. হোচলা সরকারী প্রাথমিক	২৩৩	০৬	ওয়ার্ড নং-৭	হয় না কিন্তু বন্যার

		বিদ্যালয়				সময় হতে পারে।
		৭. লালচন্দ্রপূর সরকারী প্রাথমিক বিদ্যালয়	৮৩	০৩	ওয়ার্ড নং-৯	না
	রেজিষ্টার্ড	১. মধ্য বাহিরদিয়া রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৬৯	০৪	ওয়ার্ড নং-৫	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২. এল পি উত্তরপাড়া রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৩৯	০৪	ওয়ার্ড নং-৯	না
		৩. গাবখালি রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৩৬	০৪	ওয়ার্ড নং-৮	না
		৪. আদন্দ নিকেতন	২০০	০৪	ওয়ার্ড নং-৬	না
	মাদ্রাসা	১.বড়বাড়িয়া লালচন্দ্রপুর দাখিল মাদ্রাসা	১৬৪	১৩	ওয়ার্ড নং-৯	না
	উচ্চ বিদ্যালয়	১.বাহিরদিয়া মাধ্যমিক বিদ্যলয়	৮৯০	২২	ওয়ার্ড নং-১	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২.আট্রাকা কে, আলী পাইলট মাধ্যমিক বিদ্যালয়	৬৪২	১৪	ওয়ার্ড নং-৩	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩.গাবখালী মাধ্যমিক বিদ্যালয়	৩৫২	১২	ওয়ার্ড নং-৫	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
	কলেজ	১.ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ	১৪৫০	৬৪	ওয়ার্ড নং-৬	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২.শেখ হাসিনা কারিগরি কলেজ	১৭১	১০	ওয়ার্ড নং-৬	না
মুলঘর	সরকারী	১.মূলঘর সরকারী উচ্চ বিদ্যালয়	৩৩৫	১১	ওয়ার্ড নং-১	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২. কে, খাতুন সরকারী বালিকা মাধ্যমিক বিদ্যালয়	১৬৩	০৮	===	না
		৩. মূলঘর সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৬২	০৪	ওয়ার্ড নং-১	না
		৪. সোনাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়	২২৬	০৬	ওয়ার্ড নং-৪	না
		৫. সৈয়দ মহল্লা সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৯৩	০৯	ওয়ার্ড নং-৩	না
		৬. সৈয়দ মহল্লা বালিকা সরকারী প্রাথমিক বিদ্যালয়	১২২	০৩	ওয়ার্ড নং-৩	না
		৭. ফলতিতা সরকারী প্রাথমিক বিদ্যালয়	১১৩	০৩	ওয়ার্ড নং-৫	না
		৮. কলকলিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৫৫	০৫	ওয়ার্ড নং-৭	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৯. গোয়ালবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়	১২২	০৪	ওয়ার্ড নং-৯	না
		১০. পুটিয়া গুড়গুড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	৬৪	০৪	ওয়ার্ড নং-৯	না
	রেজিষ্টার্ড	১. ফলতিতা রেজিঃ প্রাথমিক	৮৮	০৪	ওয়ার্ড নং-৬	না

		বিদ্যালয়				
		২.কাঠাঁলবাড়ী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১২৫	০৪	ওয়ার্ড নং-৬	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩. রাজপাট কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়	১৩২	০২	ওয়ার্ড নং-৪	না
	উচ্চ বিদ্যালয়	১.মূলঘর বালিকা মাধ্যমিক বিদ্যালয়		১২	ওয়ার্ড নং-২	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২.ফলতিতা শশধর মাধ্যমিক বিদ্যালয়	১৬০	১০	ওয়ার্ড নং-৬	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩.কলকলিয়াজি,সি, মাধ্যমিক বিদ্যালয়	২৬৩	১০	ওয়ার্ড নং-৭	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৪.দ্বাদশপল্লী মাধ্যমিক বালিকা বিদ্যালয়	১১৯	১০	ওয়ার্ড নং-৮	না
		৫.সম্মিলনী নিম্ম মাধ্যমিক বিদ্যালয়	৪৯	০৬	ওয়ার্ড নং-১	না
		৬.গোয়ালবাড়ী নিম্ম মাধ্যমিক বিদ্যালয়	৭২	০৪	ওয়ার্ড নং-৯	না
	কলেজ	১.সাকিলা আজাহার টেকনিক্যাল কলেজ	৫২০	০২	ওয়ার্ড নং-	না
শুভদিয়া	সরকারী	১. ঘনশ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়	১২২	০৩	ওয়ার্ড নং-২	না
		২. কচুয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৭০	০৪	ওয়ার্ড নং-৩	না
		৩. তেকাটিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৩৭	০৫	ওয়ার্ড নং-৪	না
		৪. দেয়াপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৯৮	০৮	ওয়ার্ড নং-৫	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৫. শুভদিয়া তাকিয়াবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৪৬	০৬	ওয়ার্ড নং-৭	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৬. দেয়াপাড়া মোল্লা কঃ আঃ দূঃ মাঃ সরঃ প্রাঃ বিদ্যাঃ	১৮৬	০৫	ওয়ার্ড নং-৬	না
	রেজিষ্টার্ড	১. বড় শুভদিয়া রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৬৭	০৪	ওয়ার্ড নং-৮	না
	মাদ্রাসা	১. তেকাটিয়া দেয়াপাড়া দাখিল মাদ্রাসা	১৮৯	১৩	ওয়ার্ড নং-৪	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
	উচ্চ বিদ্যালয়	১.শুভদিয়া বি,কে মাধ্যমিক বিদ্যায়ল	১৭৭	১২	ওয়ার্ড নং-৯	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		২. তেকাটিয়া মাধ্যমিক বিদ্যালয়	১৭২	১০	ওয়ার্ড নং-৪	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩. দেয়াপাড়া এসএম মাধ্যমিক বিদ্যালয়	২৪৭	১১	ওয়ার্ড নং-৫	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
	কলেজ	১.শেখ হেলাল উদ্দিন কলেজ	৭২৩	৩৪	ওয়ার্ড নং-৮	বর্তমানে আশ্রয় কেন্দ্র হিসাবে তৈরীর কাজ

						চলছে
নলধা মৌভোগ	সরকারী	১. মৌভোগ সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৪২	০৫	ওয়ার্ড নং-৩	না
		২. ডহর মৌভোগ সরকারী প্রাথমিক বিদ্যালয়	২২৮	০৬	ওয়ার্ড নং-১	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৩. মৌভোগ মধ্যপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	২০৮	০৫	ওয়ার্ড নং-৫	না
		৪. নলধা সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৮৬	০৪	ওয়ার্ড নং-৬	না
		৫. খড়রিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়	১৫৯	০৪	ওয়ার্ড নং-৮	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৬. দোহাজারী সরকারী প্রাথমিক বিদ্যালয়	১২৪	০৪	ওয়ার্ড নং-৮	হয় না কিন্তু বন্যার সময় হতে পারে।
		৭. কাথলী সরকারী প্রাথমিক বিদ্যালয়	৯৭	০৫	ওয়ার্ড নং-৯	না
	রেজিষ্টার্ড	১. কামটা রেজিঃ প্রাথমিক বিদ্যালয়	১৭৫	০৪	ওয়ার্ড নং-৪	না
	উচ্চ বিদ্যালয়	১.নলধা মাধ্যমিক বিদ্যালয়	২৫৬	১২	ওয়ার্ড নং-৬	হয় না কিন্ বন্যার সময় হতে পারে।
		২.ডহর মৌভোগ মাধ্যমিক বিদ্যালয়	৩৯৯	১২	ওয়ার্ড নং-১	না
		৩.কাথলী নিম্ম মাধ্যমিক বিদ্যালয়	১০৩	০৭	ওয়ার্ড নং-৩	না
		৪.মেŠ-ভোগ নূর আফরোজ বালিকা বিদ্যালয়	১২০	০৬	ওয়ার্ড নং-৩	না

(তথ্যসূত্রঃ উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়)

ধর্মীয় প্রতিষ্ঠান : মসজিদ ১৭০টি, মন্দির ৬৬ টি ও গির্জা ১টি।

ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ) : উপজেলায় ধর্মীয় জমায়েত স্থান মোট- ৬৫টি ।
১. বাহিরদিয়া ইউলিয়ন ৫টি ২. শুভদিয়া ইউনিয়ন ৬টি ৩. পিলজংগ ইউনিয়ন ১১টি ৪. লখপুর ইউনিয়ন ৫টি
৫. বেতাগা ইউনিয়ন ৬টি ৬. ফকিরহাট ইউনিয়ন ২০টি ৭. নলধা ইউনিয়ন ৯টি ও মূলঘর ইউনিয়ন ৩টি
(তথ্যসূত্রঃ ইউনিয়ন পরিষদ) ।

স্বাস্থ্যসেবা: ৫০শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১টি, পরিবার কল্যাণ কেনদ্র ৮টি, কমিউনিটি ক্লিনিক ৭টি ও স্যাটেলাইট ক্লিনিক ১টি । উপজেলা পর্যায়ে ব্যক্তিমালিকানাদীন ৪টি ক্লিনিক রয়েছে ।

ব্যাংক: উপজেলায় মোট -১৫টি বাণিজ্যিক ব্যাংকের শাখা ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। ফকিরহাট ইউনিয়নে অবস্থিত উপজেলা প্রশাসন এবং একটি বড় ব্যবসা প্রতিষ্ঠান থাকায় উক্ত ইউনিয়নে ব্যাংকের সংখ্যা ১০টি। এছাড়া বেতাগা ইউনিয়নে ১টি (রূপালী ব্যাংক), মূলঘর ইউনিয়নে ১টি (কৃষি ব্যাংক), পিলজংগ ইউনিযনে ২টি(কৃষি ব্যাংক) ও লখপূর ইউনিয়নে ১টি জনতা ব্যাংকের শাখা রয়েছে। ব্যাংকের শাখাগুলো নিয়ম অনুযায়ী প্রায় সকল সেবায় প্রদান করে থাকে যেমন সাধারণ ব্যাংকিং, কৃষি ঋণ, বিদেশে অর্থ লেন-দেন, ক্ষুদ্র শিল্প ঋণ, ঘরবাড়ি তৈরী ঋণ ইত্যাদি। (তথ্যসূত্র: উপজেলা পরিসংখ্যান অফিস)

পোস্ট অফিস : উপজেলায় মোট ১৮টি পোস্ট অফিস রয়েছে । ১.ফকিরহাট ইউনিয়ন- ৩টি (ফকিরহাট সদর, সাতশিকা ও শিংগাতী) ২. মূলঘর ইউনিয়ন- ৩টি(মূলঘর, সৈয়দ মহল্লা ও কলকলিয়া) ৩. নলধা মৌভোগ ইউনিয়ন-১টি(নলধা) ৪. বাহিরদিয়া ইউনিয়ন-৩টি(মানসা বাজার, গাবখালী ও আট্রাকা) ৫. পিলজংগ ইউনিয়ন-৩টি(পিলজংগ, টিএন পাড়া ও গাবখালী) ৬. বেতাগা ইউনিয়ন- ২টি(বেতাগা ও ষাটতলা) ৭. শুভদিয়া ইউনিয়ন-২টি(শুভদিয়া ও ভাঙ্গানপাড় বাজার) ৮. লখপূর ইউনিয়ন-১টি(বাঐডাঙ্গা) ।

পোস্ট অফিসগুলো যে সেবা দিয়ে থাকে-

মানিঅর্ডার ইস্যু ২. ইলেকট্রনিক মানিঅর্ডার ইস্যু ৩. ওয়েস্টার্ন ইউনিয়ন মানি ট্রান্সফার ৪. রেজিষ্ট্রি ইস্যু বিল ৫. গ্যারান্ট্রী এক্সপ্রেস পোষ্ট ৬. ভিপিপি এবং ভিপিএল ইস্যু বিলি ৭. পোষ্টাল অর্ডার ইস্যু ৮. পোস্টাল ক্যাশ কার্ড ৯. সঞ্চয় হিসাব ও সঞ্চয়পত্র বিক্রয়া ১০. ডাক টিকিট বিক্রয় ও ফ্রাংকিং মেশিনে ছাপানো ইত্যাদি।

(তথ্যসূত্র: উপজেলা পোস্ট অফিস)

ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র : উপজেলায় মোট ৫৪টি ক্লাব

উপজেলার ক্লাব বা সাংস্কৃতিক প্রতিষ্টানগুলি সামাজিক বহুবিধ কার্যক্রম সম্পাদন করে থাকে। সম্পাদিত কার্যক্রমগুলির মধ্যে রয়েছে- মৎস্য চাষ, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, স্যানিটেশন, জাতীয় দিবস পালন, যৌতুক বিরোধী আন্দোলন, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মাদক বিরোধী কার্যক্রম, ক্রীড়া ও সাংস্কৃতি ইত্যাদি।

এনজিও/স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ:

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
১.	**রূপান্তর**	দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা।	মোট জনসংখ্যা ১৩৭৭৮৯ জন | মোট জনসংখ্যা ৯৫%	সেপ্টেম্বর ২৯, ২০১৩ থেকে জুলাই ৩১, ২০১৪
২.	আশা	১. মাইক্রো ক্রেডিট ২. শিক্ষা ৩. স্বাস্থ্য ৪. বিদেশে অর্থ বিনিময় ও সোলার কর্মসূচী।	আট হাজার (৮০০০) জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পগুলো কর্ম এলাকায় চলমান থাকবে।
৩.	ব্র্যাক	মাইক্রো ক্রেডিট, শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য স্বয়ং সর্ম্পূতা ও সামাজিক উন্নয়ন অর্জনে প্রশিক্ষণ	১৫০০০ জন উপকারভোগী	শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য স্বয়ং সর্ম্পূতা ও সামাজিক উন্নয়নঅর্জনে প্রশিক্ষণ কার্যক্রম ২০০৯ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত এবং মাইক্রো ক্রেডিট চলমান কার্যক্রম।
৪.	গ্রামীণ ব্যাংক	মাইক্রো ক্রেডিট	৩১০০ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
৫.	স্ব-নির্ভর বাংলাদেশ	মাইক্রো ক্রেডিট	১০৫০ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
৬.	চলন্তিকা	প্রতিবন্ধী উন্নয়ন ও শেলাই শিক্ষা		প্রতিবন্ধী কার্যক্রম সমাপ্তীর পথে ও শেলাই শিক্ষা কার্যক্রম চলমান থাকবে।
৭.	কোডেক	মাইক্রো ক্রেডিট, কিশোর-কিশোরীদের প্রশিক্ষণ	১০৪৪ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে কিন্তু কশোর-কিশোরীদের প্রশিক্ষণ কার্যক্রম ২০১৩ সালে শেষ হয়ে গেছে।
৮.	সিএসএস	মাইক্রো ক্রেডিট	১৭০০ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি

				কর্ম এলাকায় চলমান থাকবে।
৯.	হীড বাংলাদেশ	মাইক্রো ক্রেডিট	১৪২৬ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
১০.	আদ্ব-দ্বীন	স্বাস্থ্য সেবা ও মাইক্রো ক্রেডিট	১৪৯৯ জন উপকারভোগী	২০০৬ সাল কার্যক্রম শুরু এবং নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে ।
১১.	উন্নয়ন	মাইক্রো ক্রেডিট (ব্যবসা ও কৃষি লোন)	২০০০ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
১২.	জাগরণী চক্র	মাইক্রো ক্রেডিট, শিক্ষা ও রেমিটেন্স আদান-প্রদান	৭০০ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
১৩.	রিক	মাইক্রো ক্রেডিট	৫৫০ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
১৪.	জেজেএস			০১৯১৫৯৩৬০৪৩ (গোপাল রাহা)
১৬	নবলোক	মাইক্রো ক্রেডিট	২১১৪ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
১৭.	প্রদীপন	মাইক্রো ক্রেডিট		নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
১৮.	উদ্দীপন	মাইক্রো ক্রেডিট ও হাসঁ-মুরগী, গাভী পালন ও শাক-সবজ্বী উৎপাদনে প্রশিক্ষণ	১৩৭৯ জন উপকারভোগী	প্রশিক্ষণ কার্যক্রমটি ২০১৪ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত চলবে এবং মাইক্রো ক্রেডিট চলমান থাকবে।
১৯.	আশির্বাদ	শিশু শিক্ষা কার্যক্রম		২০০৫ সন থেকে প্রকল্পটি শুরু হয়েছে এবং চলমান থাকবে ।
২০.	সুশিলন	স্থানীয় সরকার শক্তিশালীকরণ	৪৩১ জন উপকারভোগী	২০১২-২০১৪ ডিসেম্বর।
২১.	উত্তরন	মাইক্রো ক্রেডিট	৮৫২ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
২২.	ব্যুরো বাংলাদেশ	মাইক্রো ক্রেডিট, শিক্ষা ও রেমিটেন্স আদান-প্রদান	১৩৭৬ জন উপকারভোগী	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।
২৩.	নির্ভর	মাইক্রো ক্রেডিট	০১৯১৫-৫৯২৯২৯ (বিপ্লব সরকার)	নিজস্ব তহবিলের মাধ্যমে প্রকল্পটি কর্ম এলাকায় চলমান থাকবে।

খেলার মাঠ :

উপজেলায় মোট ৪১টি খেলার মাঠ ।

১. বাহিরদিয়া ইউলিয়ন ৭টি ২. শুভদিয়া ইউনিয়ন ১টি ৩. পিলজংগ ইউনিয়ন ৪টি ৪. লখপুর ইউনিয়ন ৫টি ৫. বেতাগা ইউনিয়ন ৫টি ৬. ফকিরহাট ইউনিয়ন ৮টি ৭. নলধা ইউনিয়ন ৬টি ৮. মূলঘর ইউনিয়ন ৫টি

(তথ্যসূত্রঃ ইউনিয়ন পরিষদ) ।

কবরস্থান / শ্মশানঘাট :

ফকিরহাট উপজেলার ইউনিয়নসমূহে অসংখ্য পারিবারিক কবর স্থান রয়েছে, তবে ইউপিহর তথ্য অনুযায়ী আট ইউনিয়নে মোট কবর স্থানের সংখ্যা- ৬টি ও শ্মশানঘাটের সংখ্যা- ৩০টি **(তথ্যসূত্রঃ ইউনিয়ন পরিষদ)** ।

যোগাযোগ ও পরিবহনের মাধ্যম :

ফকিরহাট উপজেলার যোগাযোগ মাধ্যমের মধ্যে সড়কযান অন্যতম। উপজেলার যোগাযোগ মাধ্যম হিসেবে বাস, ট্রাক, মিনিবাস, রিক্সা, ভ্যান, ইজিবাইক ইত্যাদি ব্যবহৃত হয়। উপজেলার প্রতিটি ইউনিয়নের সাথে সড়ক যোগাযোগ বিদ্যমান। এছাড়াও উপজেলার পাশ দিয়ে ৩টি নদী এবং সংযুক্ত খাল প্রবাহিত হওয়ায় কিছু নৌপথও বিদ্যমান রয়েছে। নৌপথে উপজেলাবাসী স্বাভাবিক সময়ে কিছু মালামাল পরিবহন করে থাকে। তবে উপজেলার প্রত্যমত্ম এলাকায় ভ্যান, রিক্সা, ইজিবাইক ইত্যাদি চলাচল করতে পারে বলে যোগাযোগ মাধ্যম হিসেবে সড়কপথই জনপ্রিয়। উপজেলা সদরের সাথে ইউনিয়নসমূহের দূরত্ব ৫ থেকে ২০ কিলোমিটারের মধ্যে। উপজেলা সদরের সাথে এলাকাবাসী সড়ক পথেই বেশী যোগাযোগ করে।

বন ও বনায়ন :

উপজেলায় কোন বনভূমি নেই। তবে সামাজিক বন বিভাগ ফকিরহাট উপজেলায় ৮ ইউনিয়নে মোট ১৫৩.৬০ কিঃ মিঃ রাসত্মায় সামাজিক বনায়ন কর্মসূচী গ্রহণ করেছে। উপজেলা বন বিভাগ যে গাছগুলো লাগিয়েছে তা হলো অর্জুন, মেহগনি, রেইন্ট্রি, শিশু, নিম, কদবেল, আকাশমনি, বাবলা, উড়িআম, শিরিষ, জাম ইত্যাদি

(তথ্যসূত্রঃ উপজেলা সামাজিক বন বিভাগ) ।

এছাড়া বেতাগা ইউনিয়ন পরিষদের উদ্যোগে একটি সামাজিক বনায়ন কর্মসূচী গ্রহণ করেছে।

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারা :

ফকিরহাট উপজেলায় ২০১৩ সালে মোট বৃষ্টিপাতের পরিমাণ ৬৩৬ মিঃ মিঃ এবং গড় বৃষ্টিপাত ১.৭৪ মিঃ মিঃ।
২০১৩ সালে উপজেলা কৃষি কর্মকর্তার রেকর্ড অনুযায়ী খরিপ- ১ এ বৃষ্টিপাতের পরিমাণ ২৪৬ মিঃমিঃ, খরিপ-২ এ বৃষ্টিপাতের পরিমাণ ৩৬১ মিঃমিঃ এবং রবি মৌসুমে বৃষ্টিপাতের পরিমাণ ২৯ মিঃ মিঃ ।
তাপমাত্রা : এই অঞ্চলের সর্বোচ্চ তাপমাত্রা ৪০-৪২ ডিগ্রি সেলসিয়াস যা এপ্রিল-মে মাসে বিদ্যমান থাকে। একইভাবে শীতকালে সর্বনিম্ন তাপমাত্রা ৮-১০ ডিগ্রি সেলসিয়াস বিদ্যমান থাকে। গ্রীস্মকালে বর্তমানে তাপমাত্রা বেশী অনুভূত হয়। বিগত ১০ বছরের উপাত্ত বিশেস্নষণে দেখা যায় তাপমাত্রা বৃদ্ধিও হার মোটামুটি উর্ধমুখী

(তথ্যসূত্র: খুলনা আবহাওয়া অফিস) ।

ভূ-গর্ভস্থ পানির স্তর :

অতীতে উপজেলায় ভূ-গর্ভস্থ পানির স্তর বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন রকম ছিল। যেমনঃ
১. বেতাগা ইউনিয়ন- ০৮” -০”
২. লখপূর ইউনিয়ন ৯”-৩”
৩. পিলজংগ ইউনিয়ন ০৯”-০” .
৪. ফকিরহাট ইউনিয়ন ০৮” -০৯”.
৫. বাহিরদিয়া ইউনিয়ন ০৯” -০”.
৬. নলধা মৌভোগ ইউনিয়ন ০৮” -৩”.
৭. মূলঘর ইউনিয়ন ০৮” -০”.
৮. শুভদিয়া ইউনিয়ন ০৮” -২”.
কিন্তু বর্তমানে পানির স্তর নেমে গিয়ে বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন রকম দেখা যাচ্ছে। যেমনঃ ১. বেতাগা ইউনিয়ন- ১০” -০”
২. লখপূর ইউনিয়ন ১১”-০” ৩. পিলজংগ ইউনিয়ন ১০” -৬” . ৪. ফকিরহাট ইউনিয়ন ১০” -০”. ৫. বাহিরদিয়া ইউনিয়ন ১১” -০”. ৬. নলধা মৌভোগ ইউনিয়ন ১০” -০”.৭. মূলঘর ইউনিয়ন ০৯” -৬”. ৮. শুভদিয়া ইউনিয়ন ১০” -৩”. তবে শুস্ক মৌসুমে খাবার বা সেচের পানির তেমন কোন সংকট হয় না

(তথ্যসূত্রঃ জনস্বাস্থ্য প্রকৌশলীর দপ্তর,ফকিরহাট) ।

১.৪.৪ অন্যান্য

ভূমি ও ভূমির ব্যবহার :
উপজেলায় মোট জমির পরিমাণ- ১৫৮৯০ হেক্টর। আবাদী জমির পরিমাণ- ৯৯৮১ হেক্টর, অনাবাদী জমি নেই এবং বসতি জমির পরিমাণ ৪২৪০ হেক্টর। আবাদী জমির মধ্যে এক ফসলী জমির পরিমাণ-৩৭৫০ হেক্টর, দুই ফসলী জমির পরিমাণ- ৫০০০ হেক্টর এবং তিন ফসলী জমির পরিমাণ- ১২৩১ হেক্টর।

কৃষি ও খাদ্য :
উপজেলায় উৎপাদিত প্রধান প্রধান ফসল: ধান, গম, পান, ডাল সবজী ইত্যাদি। এছাড়া ফলের মধ্যে রয়েছে: নারিকেল, সুপারি, কলা, বরুই, আম, কাঠাঁল ইত্যাদি।

পরিসংখ্যান অনুযায়ী ২০১২-১৩ সনে উৎপাদনের পরিমাণ ধান আউশ-৩৫৮ মেঃ টন (চাউলের হিসাব অনুযায়ী), আমন-১১৪৫৭ মেঃ টন (চাউলের হিসাব অনুযায়ী), বোরো-২৭৭৯৮ মেঃ টন (চাউলের হিসাব অনুযায়ী), গম-৪৮ মেঃ টন , পান-৪২০ হেক্টর জমিতে উৎপাদন-২৫২০ মেঃ টন, সবজী-১০২০ হেক্টর জমিতে উৎপাদন-১২২৪০ মেঃ টন। তবে ২০১২-১৩ সনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হিসাবে উপজেলায় প্রাকৃতিক কারণে তেমন কোন ক্ষতি হয়নি।
কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জরীপ অনুযায়ী এলাকার জনগণের প্রদান প্রধান খাদ্য ভাত, মাছ, মাংস, সবজি, ডাল, দুধ, রম্নটি ইত্যাদি। এলাকার মানুষের খাদ্যভাস সাধারণত গ্রামাঞ্চলে সকাল-দুপুর-রাতে ভাত এবং উপজেলা সদর বা বাজার এলাকায় সকালে রম্নটি, দুপুর ও রাতে ভাত।

নদী :
উপজেলার মধ্য দিয়ে মূলতঃ ৩টি নদী প্রবাহিত হয়েছে- ১. ভৈরব নদী ২. চিত্রা নদী ৩. কালিগংগা নদী।
বর্তমানে নদীগুলি থেকে কৃষক সেচ কাজের জন্য পানি আহরণ ও ছোট ছোট নৌকা ব্যবহারের মাধ্যমে স্থানীয় ব্যবসায়ীবৃন্দ মালামাল পরিবহণ করছেন। এছাড়া স্থানীয় জনগণ গোসল ও রান্না-বান্না কাজেও পানি ব্যবহার করছেন। অতিতে নদীগুলির গভীরতা ও পানি প্রবাহের ব্যপকতার ফলে কৃষিকার্যে পানির ব্যবহার, ব্যবসা-বাণিজ্য, এক জেলা থেকে অন্য জেলায় মানুষের চলাচল, জেলেদের মাছ আহরণ, পরিবারে রান্না-বান্না ও গোসলের কাজে নদীগুলি থেকে জনগণ ব্যপক উপকৃত হত। বর্তমানে নদীর নাব্যতা হারিয়ে যাওয়ার কারণে জোয়ারের পানি ও অতি বৃষ্টির ফলে জমি এবং ফসলের ব্যপক ক্ষতি হচ্ছে (**তথ্যসূত্র: উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**) ।

পুকুর :
ফকিরহাট উপজেলায় মোট ১৮টি পুকুর ও ৫৪টি জলাশয় রয়েছে। পুকুরগুলো থেকে সিডিএমপি ২-এর অধীন ৫টি (পাচঁ) পুকুরের খনন কার্যক্রম সম্পাদন হয়েছে এবং ১টি (এক) পুকুরের খনন কার্যক্রম চলমান।
খননকৃত পুকুরগুলোর নামঃ
লাল চন্দ্রপূর পুকুর, বাহিরদিয়া ইউনিয়ন ২. উত্তরপাড়া পুকুর, ফকিরহাট ইউনিয়ন ৩. কাচারিবাড়ী পুকুর, নলধা মৌভোগ ৪. কুমারখালী দিঘী, বেতাগা ইউনিয়ন ৫. শুভদিয়া দক্ষিনা পুকুর, শুভদিয়া ইউনিয়ন ৬. নোয়াপাড়া সরকারী পুকুর (চলমান)। স্থানীয় অধিবাসীবৃন্দ খননকৃত পুকুরগুলো থেকে তাদের খাবার পানির চাহিদা নিবারণ করছেন অন্যান্য পুকুর ও জলাশয়গুলো কিছু বন্দবস্ত দেয়া এবং কিছু উন্মুক্ত রয়েছে
(**তথ্যসূত্রঃ উপজেলা ভূমি ও পিআইও অফিস**) ।
এছাড়া বাগেরহাট জেলা পরিষদের অধীন উপজেলার বিভিন্ন ইউনিয়নে আরো ২৩টি পুকুর আছে। পুকুরগুলো জেলা পরিষদ কর্তৃক মাছ চাষের জন্য ইজারা দেওয়া হয়। উক্ত পুকুরের মধ্যে ৫টির পানি পান করে এবং অন্য ১৮টির পানি পান করে না (**তথ্যসূত্র: জেলা পরিষদ, বাগেরহাট**)

খাল :
উপজেলার ৮ ইউনিয়নের মধ্যদিয়ে মূলতঃ ছোট-বড় অনেক খাল প্রবাহিত। এরমধ্যে উলেস্নখযোগ্য ১৫টি খাল রয়েছে। যেমন-
১.কাসেমখালী খাল, নলধা ইউনিয়ন

২.সোনvখালী খাল, মূলঘর ইউনিয়ন
৩.সুতির খাল ও কেরামদী খাল, শুভদিয়া ইউনিয়ন
৪.যুগিখালী খাল, পিলজঙ্গা ইউনিয়ন
৫.মানুষ পোড়vনো খাল, দোয়ানের ও গেওয়াখালী খাল, লখপুর ইউনিয়ন
৬. গজার খাল, বেতাগা ইউনিয়ন ।
৭. নলডাঙ্গা খাল, বিরমানি খাল, শ্রীপুতের খাল, কুলের খাল, হোচলার খাল। বাহিরদিয়া ইউনিয়ন।

বর্তমানে খালগুলো মজে যাওয়ার অবস্থায়। খালগুলোতে সারা বছর কমবেশী পানি থাকে। শুষ্ক মৌসুমে পানি প্রবাহের মাত্রা খুবই সামান্য। জনগণের তেমন কোন উপকার আসছে না, যা হচ্ছে তা খুবই সামান্য যেমন- সেচ কার্য পরিচালনা, পারিবারিক কাজে ব্যবহার. অতি সামান্য মাছ ধরা ও গরম্নর গোসল করানোর মধ্যে সীমাবদ্ধ। নদীর মত খালেরও নাব্যতা হারিয়েছে। এখনই খালগুলোর খনন কার্যক্রম হাতে নেওয়া জরম্নরী, তা না হলে কৃষি উৎপাদন চরমভাবে ব্যহত হবে। নিষ্কাশন ব্যবস্থা লুপ্ত হবে। সামান্য বৃষ্টিতে জলাবদ্ধতার কারণে ব্যাপক ক্ষয়ক্ষতির সম্ভাবনা রয়েছে।

(তথ্যসূত্র: উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর)

বিল :

উপজেলার সকল ইউনিয়নেই বিল রয়েছে। মোট বিলের সংখ্যা- ২৭টি, যেমন-
বাহিরদিয়া ইউনিয়ন- ৩টি, গোয়ালিয়া বিল, কয়ারের বিল ও সোলাউড়া বিল।
নলধা মৌভোগ ইউনিয়ন- ২টি, ডহর মৌভোগ ও ননিয়ার বিল।
মূলঘর ইউনিয়ন- ৪টি, ডোলমারার বিল, কাঠালীডাঙ্গা বিল, সোনাখালীর বিল ও কলকলিয়ার বিল।
ফকিরহাট ইউনিয়ন-৩টি, ব্রাহ্মণরাকদিয়া বিল, মীরেরখালী বিল ও জাড়িয়ার বিল।
পিরজংগ ইউনিয়ন-৪টি, বারিয়াডাঙ্গা বিল, বৈলতলী বিল, নওয়াপাড়া বিল ও শ্যামবাগাত বিল।
লখপুর ইউনিয়ন-২টি, খাজুরার বিল ও বলম্নবপুর বিল।
শুভদিয়া ইউনিয়ন-২টি, শুভদিয়া দক্ষিণপাড়া বিল ও শুভদিয়া পূর্বপাড়া বিল।
বেতাগা ইউনিয়ন-৭টি, মাসকাটা বিল, কুমারখালী বিল, পাইস্যাখালী বিল, বাসাবাড়ী বিল, চাকুলী বিল, গজার ও দাত্রেমারী বিল।
বর্তমানে এ অঞ্চলের বিল দ্বারা স্থানীয় জনগণ খুবই কম উপকৃত হন। সেচ কাজ ভূমিকা রাখার পাশাপাশি এই বিল অঞ্চলে ব্যাপক মাছ চাষ হয়। এ অঞ্চলে ব্যাপকভাবে গলদা চিংড়ি উৎপাদন হয় যা বাংলাদেশে বৈদেশিক আয়ের একটি বড় উৎস। গলদা চিংড়ি উৎপাদনের পাশাপাশি রম্নই, কাতলা, মৃগালসহ বিভিন্ন কার্ব জাতীয় মাছেরও চাষ হয়। এ সকল মাছ স্থানীয় চাহিদা মেটানোর পর ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সরবরাহ হয়। নদী ও খালগুলো ভরাটের ফলে পূর্ণিমা ও অমাবশ্যার সময় জোয়ারের পানি প্রবেশ হওয়ায় পলি পড়ে বিলগুলো প্রায় ভরাট হয়ে যাচ্ছে। বিলগুলোতে দখলবাজদের খলদারীর প্রতিযোগিতা রয়েছে **(তথ্যসূত্র: উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর)**

হাওড় :

উপজেলার অমত্মর্গত কোন ইউনিয়নে হাওড় নেই **(তথ্যসূত্র: উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর)** ।

লবণাক্ততা : ফকিরহাট উপজেলায় লবণাক্ততার প্রভাব দিন দিন বাড়ছে। মাটিতে পানিতে উভয়স্থানেই লবণাক্তার মাত্রা উর্ধ্বমুখী। মাটিতে বর্তমাণে লবণের পরিমাণ ১৫-২০ ডিএস/মিটার। পানিতে লবণের পরিমাণ শুষ্ক মৌসুমে নদীসংলগ্ন জলাশয়ে ১০-১৫ পিপিটি এবং বর্ষা মৌসুমে ৬-৭ পিপিটি। ভূগর্ভের পানিতেও লবণের আদিখ্য এখন প্রধান আলোচ্য বিষয়। কৃষি বিভাগের সাথে সংশিস্নষ্টদের তথ্য মতে,
কৃষি কাজের জন্য উপযোগী ৩টি মৌসুমই ফকিরহাট উপজেলায় বিদ্যমান। ১৬ মার্চ থেকে ১৫ জুলাই পর্যমত্ম খরিপ-১ এর মৌসুম। তখন লবণাক্ততায় পরিমাণ ১০-১৪% এলাকা। এ সময়ে ৫০% আবাদী জমি চাষাবাদের অযোগ্য হয়ে পড়ে।
খরিপ-২ এর মৌসুম ১৬ জুলাই থেকে ১৫ অক্টোবর পর্যমত্ম এ সময়ে পানিতে লবণাক্ততার পরিমাণ ১-৩%। তখন সম্পূর্ণ আবাদ যোগ্য জমি আবাদের আওতায় থাকে।

প্রাকৃতিক দুর্যোগ ছাড়া কৃষি উৎপাদনে তেমন কোন প্রভাব পড়ে না। এছাড়া ১৬ অক্টোবর থেকে ১৫ মার্চ পর্যমত্ম খরিপ-৩ এর মৌসুম, তখন পানিতে লবণাক্ততার পরিমাণ ৪-৮%। এ সময়ে ৭৫% জমিতে বোরো ধান, শীতকালীন সবজী ও ডাল জাতীয় ফসলের উৎপাদন হয়। (**তথ্যসূত্র: উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**)

আর্সেনিক দুষণ :

